দৈনিক সংবাদ

তারিখ ...20 NOV 1989
পৃষ্ঠা... 8 ... কলাম 5

159

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে বাঁচান

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাংলাদেশের ঐতিহ্যমণ্ডিত এবং প্রাকৃতিক শোভায় শোভিত একটি উচ্চ শিক্ষায়তন। কিন্তু ভাবতেই অবাক লাগে, এখানে নিত্যদিন কি ঘটছে। ভোর হলে ঘুম থেকে ওঠেই শোনা যাবে কোন না কোন হলে প্রগতিশীল ছাত্র দলসমূহের কোন নেতা কিংবা কর্মীর উপর হামলা অথবা হল থেকে বের করে দেয়া। সাধারণ ছাত্র-ছাত্রীরা এতে ভয়ার্ত এবং শংকিত। একটি চিহ্নিত মৌলবাদী গোষ্ঠী এখানে দিনের পর দিন তাদের অস্ত্রের মহড়া দিয়ে চলেছে। অন্যদিকে শিক্ষার পরিবেশ বিঘ্নিত এবং স্তব্ধ। এইতো সেইদিন (২৩/১০/৮৯) প্রথমবর্ষ/সমাজতত্ত্ব বিভাগের ক্লাস নিতে ডঃ ইমাম আলী গেলে হেস্তনাস্ত হন এবং ক্লাস বর্জন করতে বাধ্য

(২-এর পাতায় দেখুন)

## চিঠিপত্র

(৪-এর পাতার পর)

হন। একই দিন রাতে ছাত্র ইউনিয়নের বিশ্ববিদ্যালয় শাখার কমিটির সদস্য নুরুল ইসলাম রেনুকে রাতের অন্ধকারে শারীরিক নির্যাতন করে শাহ জালাল হলের তার নিজের রুম থেকে বের করে দেয়া হয়।

বিশ্ববিদ্যালয় যদি অস্ত্র দ্বারা শক্তি প্রদর্শনের জায়গা হয় তাহলে আমার কোন আপত্তি নেই। নইলে তথাকথিত সন্ত্রাসী গোষ্ঠির হাত থেকে জাতির ভবিষ্যতের কথা ভেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে অস্ত্রমুক্ত করে শিক্ষার পরিবেশ সুন্দর করে তুলুন। কর্তৃপক্ষ বিষয়টা ভাববেন কি?

ইভান ইবনে হাফিজ,
সমাজতত্ত্ব, প্রথম বর্ষ।
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।